**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date 15-08-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) দেশ আজ উনআশিতম স্বাধীনতা দিবস উদযাপন করছে। দেশের উন্নয়নে কোন সমঝোতা নয় বলে বার্তা দিয়েছেন প্রধানমন্ত্রী।

অপারেশন সিন্দুঁরের মাধ্যমে ভারত শত্রুদের উপযুক্ত জবাব দিয়েছে বলে জানিয়েছেন তিনি। জিএসটি ব্যবস্থার সংস্কারের কাজ সরকার করবে বলেও আশ্বাস প্রধানমন্ত্রীর।

যুবক – যুবতীদের উৎসাহ দিতে শ্রী মোদী বিকশিত ভারত রোজগার যোজনার সূচনার কথা ঘোষণা করেছেন ।

২) সারা দেশের সঙ্গে এরাজ্যেও যথোচিত মর্যাদায় উনআশিতম স্বাধীনতা দিবস উদযাপিত হচ্ছে। রেডরোডে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, গত ৭৮ বছর ধরে ভারত সর্বক্ষেত্রে স্বনির্ভর হওয়ার পথে দৃঢ় প্রত্যয়ে এগিয়ে চলেছে।

৪) পূর্ব বর্ধমানে মার্মান্তিক পথ দুর্ঘটনায় ১০ জন বাসযাত্রী প্রাণ হারিয়েছেন।

৫) অভয়ার ন্যায় বিচারের দাবিতে মধ্য রাতে ফের পথে নেমেছেন অসংখ্য মানুষ।

৬) রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে শীঘ্রই উপাচার্য নিয়োগ করা হবে বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতের ৭৯-তম স্বাধীনতা দিবস আজ যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালিত হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লির লালকেল্লায় ত্রিবর্ণ রঞ্জিত জাতীয় পতাকা উত্তোলন করেন।

এর আগে তিনি রাজঘাটে মহাত্মা গান্ধীর সমাধিস্থলে গিয়ে পুষ্পার্ঘ্য অর্পন করেন। করা হয় ২১ বার তোপধ্বনি

লালকেল্লার প্রাকার থেকে দেশবাসীর উদ্দেশ্যে ভাষণে প্রধানমন্ত্রী বলেন, স্বাধীনতার মহাপর্ব আসলে সংকল্পের এক মহা উৎসব। দেশের সংবিধান প্রণেতারা ভারতকে শক্তিশালী গণতন্ত্র হিসেবে প্রতিষ্ঠিত করেছেন। পাহাড় থেকে মরুভূমি সর্বত্র আজ মাতৃভূমির জয়গান শোনা যাচ্ছে। বিশ্বজুড়ে ঐক্যের ধারণাকে ভারত মজবুত করেছে বলে শ্রী মোদী উল্লেখ করেন। এর জন্য সংবিধান প্রণেতাদের ধন্যবাদ জানান তিনি।

(বাইট)

ভারতীয় সংবিধান রক্ষায় আত্মবলিদান দেওয়া ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জীর কথাও উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, সরকার নানা উল্লেখযোগ্য পদক্ষেপের মধ্যে ডক্টর মুখার্জীর প্রতি শ্রদ্ধাঞ্জলী অর্পন করেছেন।

(বাইট)

প্রযুক্তি ক্ষেত্রে দেশ আজ অনেক এগিয়েছে বলে জানান প্রধানমন্ত্রী। শ্রী মোদী বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্তদের কথা উল্লেখ করে বলেন, সরকার তাদের পাশে দাঁড়ানোর সবরকম প্রয়াস চালাচ্ছে। তিনি অপারেশন সিঁন্দুরের বীর সৈনিকদের প্রতিও শ্রদ্ধা নিবেদন করেছেন। দেশের শত্রুদের উচিত শিক্ষা দেওয়ার ক্ষেত্রে এই যোদ্ধারা যেভাবে এগিয়ে এসেছেন, তার জন্য দেশ তাদের প্রতি কৃতজ্ঞ।

(বাইট)

তিনি বলেন, পহেলগাঁও হামলার পর সারা দেশে ক্রোধের সঞ্চার হয়েছিল, তার পরিচয় পাওয়া গেছে অপারেশন সিঁন্দুরে। জঙ্গিরা যেভাবে ধর্ম বেছে বেছে স্ত্রী-সন্তানদের সামনে পর্যটকদের

হত্যা করেছিল, তার জবাবে ভারতীয় সামরিক বাহিনী পাকিস্তানের ভেতরে জঙ্গিঘাঁটিগুলি গুড়িয়ে দিয়েছে বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী।

এদিনের বক্তব্যে প্রধানমন্ত্রী জঙ্গি গোষ্ঠী এবং তাদের আশ্রয়দাতাদের হুঁশিয়ারী দিয়েছেন। ভারত কোনরকম পারমাণবিক হুমকি সহ্য করবে না বলেও স্পষ্ট জানিয়েছেন তিনি। শ্রী মোদী বলেন জল এবং রক্ত এক সঙ্গে বইতে পারে না। সিন্ধু জলচুক্তি এক তরফা এবং অন্যায় বলেও তিনি উল্লেখ করেন।

২-শো বছরের দাশত্ব ভারতকে পরনির্ভর এবং দরিদ্র করেছে। এই অবস্থায় দেশের কৃষকরাই অর্থনীতিকে এগিয়ে নিয়ে গেছেন। দেশ পরনির্ভরতা কাটিয়ে আত্মনির্ভরতার দিকে এগিয়ে চললে, তবে দেশের অগ্রগতি সম্ভব হবে বলে তিনি উল্লেখ করেন। আত্মনির্ভরতা শুধুমাত্র আমদানী-রফতানির মধ্যে সীমাবন্ধ নেই, তা দেশের দক্ষতাকেও প্রভাবিত করে। জিএসটি ব্যবস্থার সংস্কারের কাজ সরকার করবে বলেও আশ্বাস দিয়েছেন তিনি। এরফলে সাধারণ মানুষ উপকৃত হবেন।

প্রধানমন্ত্রী লালকেল্লার ভাষণে প্রযুক্তির ব্যবহারের ওপর বার বার জোর দিয়েছেন। তিনি বলেন, আজকের সংযুক্ত বিশ্বে এগিয়ে থাকার জন্য দ্রুত প্রযুক্তিকে গ্রহণ করা জরুরী। বিশ্বের বিভিন্ন দেশ আজ সেমি কন্ডাক্টর ক্ষেত্রে অগ্রগতি করছে। এখন ভারতকেও মিশন মোডে এই ক্ষেত্রে এগিয়ে যেতে হবে বলে তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রী বলেন, এই লক্ষে সরকার চারটি বৃহৎ সেমিকন্ডাক্টর প্রকল্পের অনুমোদন দিয়েছে।

(বাইট)

পরমাণু ক্ষেত্রেও ভারত অগ্রগতি করেছে। ২০৪৭ সালের মধ্যে বর্তমান ক্ষমতায় ১০ গুণ বেশি পরমাণু সক্ষমতা অর্জনের লক্ষ্যমাত্রা ভারত অর্জন করেছে বলে তিনি জানান।

সারা দুনিয়ায় যখন বিশ্ব উষ্ণায়ন নিয়ে চিন্তিত, তখন ভারত স্বচ্ছ শক্তি উৎপাদন ও ব্যবহারে অনেকটা এগিয়ে গেছে। শ্রী মোদী বলেন, শক্তি ক্ষেত্রে ভারত আত্মনির্ভর হলে সে বাবদ হওয়া খরচ দেশের উন্নয়নে কাজে লাগানো যাবে।

ন্যাশনাল ডিপ ওয়ার্টার এক্সপ্লোরেশন মিশনের মাধ্যমে ভারত সমুদ্রের গভীর থেকে তেল এবং প্রাকৃতিক গ্যাস উত্তোলনের কাজ শুরু করতে চলেছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী।

গুরুত্বপূর্ণ খনিজ সম্পদ ক্ষেত্রেও দেশ আত্মনির্ভরতার পথে এগিয়ে চলেছে। এর জন্য ১২-শোর বেশি জায়গায় খননে ছাড়পত্র দেওয়া হয়েছে।

২০৪৭ সালে ভারতীয় স্বাধীনতার ১-শো বছরে বিকশিত ভারত গঠনের লক্ষে দেশ এগিয়ে চলেছে বলে প্রধানমন্ত্রী জানান। দেশের ভাগ্য পরিবর্তনে যুব সমাজকে এগিয়ে আসার আহ্বান জানান প্রধানমন্ত্রী। তথ্য প্রযুক্তি ক্ষেত্রে ভারতের সক্ষমতা বিশ্বমঞ্চে তুলে ধরতে সরকার কাজ করছে বলে জানান তিনি। এপ্রসঙ্গে তিনি ইউ পি আই ব্যবস্থার সাফল্যের কথা উল্লেখ করেন। কোভিডের সময় কো-উইন প্ল্যাটফর্মের মতো প্রযুক্তি বিশ্বকে ভারতের সক্ষমতা দেখিয়েছে বলেও তিনি জানান।

রাসায়নিক সারের ব্যবহার কম করে দেশে উৎপাদিত জৈব সারের মাধ্যমে ফসল উৎপাদনের প্রয়াস চালাতে হবে বলেও প্রধানমন্ত্রী মন্তব্য করেন। দেশ থেকে ৪ লক্ষ কোটি টাকার কৃষি পণ্যের রফতানি হয়েছে বলে তিনি জানান। প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি, ফসল বীমা যোজনার মতো প্রকল্প কৃষকদের জন্য সহায়ক হয়েছে। কৃষক, পশুপালক ও মৎস্যজীবীদের স্বার্থ রক্ষায় সরকার কোনরকম আপোষ করবে না বলে স্পষ্ট জানিয়েছেন প্রধানমন্ত্রী। এবিষয়ে কোন চাপের কাছেও নতিস্বীকার করা হবে না বলে তিনি উল্লেখ করেন।

মহিলা স্বনির্ভর গোষ্ঠীগুলির প্রশংসা করে শ্রী মোদী বলেন, সরকারের সহযোগিতায় আজ ওই গোষ্ঠীগুলি অন্য দেশেও তাদের উৎপাদিত সামগ্রী রফতানি করছে। নারীশক্তির ভূমিকার প্রশংসা করে দেশ গঠনে মহিলাদের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্টার্টাপ থেকে শুরু করে মহাকাশ সব ক্ষেত্রেই নারীরা তাদের দক্ষতার পরিচয় দিয়েছে। ২ কোটি মহিলা লাক্ষপতি দিদিতে পরিণত হয়েছেন।

দেশে কয়েক লক্ষ স্টার্টাপের সূচনা হয়েছে। মুদ্রা যোজনার মতো প্রকল্পে লাভবান হচ্ছে যুব সম্প্রদায়। ন্যাশনাল ম্যানুফ্যাকচারিং মিশনে যুদ্ধকালীন তৎপরতায় কাজ হচ্ছে বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন।

বিশ্ববাজারে উৎপাদিত সামগ্রী পৌঁছে দিতে জিরো ডিফেক্ট পণ্য তৈরির প্রয়োজনীয়তার কথা স্মরণ করিয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী। শ্রী মোদী এদিন **বিকশিত ভারত রোজগার যোজনার সূচনার কথা ঘোষণা করেন**। এতে প্রথমবার চাকরি পাওয়া যুবক-যুবতীরা উৎসাহ ভাতা পাবেন।

দেশের স্বাধীনতা অর্জনে বহু মানুষ আত্মবলিদান দিয়েছে। সমৃদ্ধ ভারতের লক্ষ্যমাত্রা পুরণে রাজনৈতিক দলাদলি ভুলে **ভোকাল ফর লোকাল** মন্ত্রকে সামনে রেখে কাজ চালিয়ে যাওয়ার পরামর্শ দিয়েছেন প্রধানমন্ত্রী।

কোন স্বার্থে ভারতকে ব্যবহার করা যাবে না বলে স্পষ্ট জানিয়েছেন প্রধানমন্ত্রী। দেশের অগ্রগতিতে সরকার নানা সংস্কারের পথে হেঁটেছেন বলে জানিয়েছেন তিনি। সাধারণ মানুষের জীবন

আরও সরল করতে কাজ করে চলেছে সরকার। তা সে নতুন আয়কর আইন হোক কিংবা ভারতের ন্যায় সংহিতা বলবৎ - সব ক্ষেত্রেই সংস্কার হয়েছে।

ভারতের অর্থনীতি আজ দুনিয়ার কাছে আকাঙ্খার উৎস বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন দেশে মুদ্রাস্ফীতি এখন নিয়ন্ত্রণে। বৈদেশিক মুদ্রাভান্ডার অত্যন্ত শক্তিশালী। বিভিন্ন গ্লোবাল রেটিং এজেন্সি ভারতীয় অর্থ ব্যবস্থার অগ্রগতিকে প্রশংসা করেছে।

সুশাসন সরকারের মূল মন্ত্র বলে জানিয়ে শ্রী মোদী বলেন, সামাজিক ন্যায়কে তৃণমূল স্তরে পৌঁছে দিতে উদ্যোগী সরকার। দরিদ্র, দলিত, আদিবাসী সবার উন্নয়নে তাঁর সরকার কাজ করে চলেছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেন,  সরাসরি সুবিধা হস্তান্তর এবং প্রকল্প প্রান্তিক মানুষের কাছে পৌঁছে যাচ্ছে, তাদের দারিদ্র থেকে বের করে আনতে সহায়ক হচ্ছে।

মহাত্মা জ্যোতিবা ফুলের ২-শোতম জন্ম বার্ষিকী উপলক্ষে সরকার নানা কর্মসূচীর সূচনা করেছে বলে এদিন জানান প্রধানমন্ত্রী। খেলাধুলোয় বিভিন্ন পরিবারকে শিশুদের উৎসাহিত করা উচিত বলে উল্লেখ করেছেন প্রধানমন্ত্রী।

দেশে ক্রীড়া পরিকাঠামো উন্নয়নে সরকার খেলো ভারত প্রকল্প হাতে নিয়েছে বলে তিনি জানান। পাশাপাশি ওবেসিটি বা স্থুলত্বের সমস্যা কমাতে সরকার উদ্যোগী হয়েছে। তিনি খাবারে তেলের ব্যবহার অন্তত ১০ শতাংশ কমানোর পরামর্শ দেন। প্রধানমন্ত্রী বলেন, ভাষা যত সমৃদ্ধ হবে দেশের সংস্কৃতি ততোই মজবুত হবে। সরকার মারাঠী, পালি, বাংলা, তামিলের মতো ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা দিয়ে এর প্রসারে অবদান রেখেছে।

দেশ সেবায় রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের ভূমিকার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, শুধুমাত্র মাতৃভূমির কল্যাণে এই সংগঠন নিরন্তর কাজ করে চলেছে। সংঘের ১-শো বছরের পূর্তিতে প্রধানমন্ত্রী সকল স্বয়ং সেবককে অভিনন্দন জানান। তিনি আর এস এস-কে বিশ্বের সব থেকে বড় অসরকারী সংগঠন বলেও অবিহিত করেন।

oooooooooooooooooooo

১৫-ই আগস্ট, ৭৯-তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে, প্রধানমন্ত্রীর ভাষণকে কেন্দ্র ক'রে সম্প্রচারিত হবে বিশেষ অনুষ্ঠান ।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে রাত ৯ টায় গীতাঞ্জলি প্রচারতরঙ্গ ও ডি টি এইচ বাংলা পরিষেবায়।

oooooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, জাতি, ধর্ম, বর্ণ ও লিঙ্গ নির্বিশেষে নাগরিকদের ভোটাধিকার বিশ্বের অন্য বহু দেশ থেকে ভারতকে স্বতন্ত্র করে রেখেছে। এর মাধ্যমেই ভারতবাসীর হাতে দেশের ভবিষ্যত্ নির্ধারণের ক্ষমতা দেওয়া হয়েছে। ৭৯ তম স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণে রাষ্ট্রপতি শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, ঔপনিবেশিক শাসনে প্রজন্মের পর প্রজন্ম ধরে ভারতবাসী এই দিনটির জন্য অপেক্ষা করেছিল। বহু চ্যালেঞ্জ সত্ত্বেও ভারত সফলভাবে গণতন্ত্রে উত্তরণ ঘটিয়েছে, তার কারণ হিসাবে রাষ্ট্রপতি দেশের প্রাচীন গণতন্ত্রের মূল্যবোধ এবং ভারত যে বিশ্বের অন্যতম প্রাচীন সাধারণতন্ত্র, তারও উল্লেখ করেন।

( বাইট – গণতন্ত্র)

শ্রীমতি মুর্মু বলেন, সংবিধান গ্রহণ করে দেশ একাধিক গণতান্ত্রিক প্রতিষ্ঠান গড়ে তুলেছে, যা আমাদের গণতান্ত্রিক রীতিনীতিকে আরও শক্তিশালী করেছে। সংবিধানে উল্লিখিত গণতন্ত্রের চার স্তম্ভ - ন্যায়, স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্বের কথা স্মরণ করে রাষ্ট্রপতি বলেন, স্বাধীনতা সংগ্রামের সময় সভ্যতার এই মূল্যবোধ পুনরাবিষ্কার করা হয়। সব মানুষ যে সমান এবং তাদের সঙ্গে মর্যাদাপূর্ণ ব্যবহার করা উচিত, স্বাস্থ্য, শিক্ষা সমান সুযোগ সকলের পাওয়া উচিত, এটাই মানবিকতকার মূল ভিত্তি বলে শ্রীমতি মুর্মু উল্লেখ করেন।

সামাজিক ক্ষেত্রে ব্যয় বৃদ্ধির মাধ্যমে আঞ্চলিক বৈষম্য দূর হচ্ছে এবং আর্থিক দিক দিয়ে পিছিয়ে পড়া অঞ্চল ও রাজ্যগুলিও তাদের সম্ভাবনাকে কাজে লাগিয়ে এগিয়ে চলেছে বলে রাষ্ট্রপতি উল্লেখ করেন। গত দশকে পরিকাঠামো উন্নয়নের উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, জাতীয় মহাসড়ক ও রেল পথের বিকাশে নতুন নতুন নজির সৃষ্টি হয়েছে।

বিশ্বের বৃহত্তম স্বাস্থ্য পরিচর্যা প্রকল্প হিসাবে আয়ুষ্মান ভারতের উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, ৫৫ কোটিরও বেশি মানুষকে এর আওতায় আনা হয়েছে। সত্তরোর্ধ্ব সব প্রবীণ নাগরিককে আয় নির্বিশেষে এই সুবিধার আওতায় আনা হয়েছে। তথ্য প্রযুক্তি ক্ষেত্রে অভাবনীয় অগ্রগতির কথা জানিয়ে শ্রীমতি মুর্মু বলেন, দেশের প্রায় সব গ্রামেই ফোর জি মোবাইল সংযোগ এসে গেছে।

বাকি অল্প কয়েক হাজার গ্রামেও শীঘ্রই এই সংযোগ এসে যাবে। ডিজিটাল পেমেন্ট প্রযুক্তির মাধ্যমে ভারত এক্ষেত্রে বিশ্বে সেরা জায়গা করে নিয়েছে। প্রত্যক্ষ সুবিধা হস্তান্তরের মাধ্যমে বিভিন্ন কল্যাণমূলক প্রকল্পের সুবিধা গ্রাহকদের কাছে পৌঁছে দেওয়া যাচ্ছে।

(বাইট - আয়ুষ্মান ভারত)

সামাজিক ক্ষেত্রের বিভিন্ন উদ্যোগ গ্রহণ এবং সার্বিক অর্থনৈতিক অগ্রগতির ফলে ২০৪৭ সালে ভারত উন্নত দেশ হিসাবে আত্মপ্রকাশ করবে বলে রাষ্ট্রপতি জানান। এই অমৃতকালে দেশবাসী তাদের গুরুত্বপূর্ণ অবদান যোগাচ্ছে। যুবা ও মহিলা সম্প্রদায় তাদের অন্যতম। জাতীয় শিক্ষানীতি দেশের শিক্ষা ক্ষেত্রে

সুদূরপ্রসারী পরিবর্তন এনে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে বলে রাষ্ট্রপতি অভিমত প্রকাশ করেন।

সুশাসন এবং দুর্নীতি মুক্ত সমাজের বিষয়ে রাষ্ট্রপতি মহাত্মা গান্ধীর উদ্ধৃতি উল্লেখ করে বলেন, দুর্নীতি এবং কপটতা গণতন্ত্রের কখনই অঙ্গ হতে পারে না।

কাশ্মীরে সন্ত্রাসবাদী হামলার উল্লেখ করে শ্রীমতি মুর্মু বলেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে মানবিকতার লড়াইয়ে অপারেশন সিন্দুর উদাহরণ হিসাবে ইতিহাস সৃষ্টি করেছে।

oooooooooooooooooooo

সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ ৭৯ তম স্বাধীনতা দিবস যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে। পহেলগাঁও কাণ্ডের জেরে এবার নিরাপত্তা ব্যবস্থাকে আরো আঁটসাঁট করা হয়েছে।

স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানটি হচ্ছে কলকাতার রেড রোডে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির উপস্থিতিতে সকাল দশটায় শুরু হয়েছে। সাংস্কৃতিক অনুষ্ঠান, শোভাযাত্রার পাশাপাশি সাহসিকতার জন্য পুলিশ কর্মীদের পুরস্কৃত করবেন মুখ্যমন্ত্রী।

ব্যারাকপুরে গান্ধীঘাটে গান্ধী স্মারকে মালা দিয়ে শ্রদ্ধা জানান রাজ্যপাল সি ভি আনন্দ বোস। রাজভবনেও একটি অনুষ্ঠানে যোগ দেন তিনি।

আকাশবাণীভবনেও আজ যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপিত হচ্ছে। কর্মীদের উপস্থিতিতে জাতীয় পতাকা উত্তোলন করেন প্রোগ্রাম হেড কিংশুক সরকার।

oooooooooooooooooooooo

স্বাধীনতা সংগ্রামী দার্শনিক ঋষি অরবিন্দের ১৫৩-তম জন্ম বার্ষিকী যথাযথ মর্যাদায় আজ পালিত হচ্ছে। দেশকে ব্রিটিশ শাসনের হাত থেকে মুক্ত করতে অরবিন্দ ঘোষ যোগ দিয়েছিলেন স্বাধীনতা আন্দোলনে। বন্দেমাতরম সংবাদপত্র সম্পাদনের পাশাপাশি বহু জাতীয়তাবাদী পত্র-পত্রিকার সম্পাদনার কাজ করেছেন তিনি। আলিপুর বোমা মামলায় এক বছর জেল বন্দি থাকার পর মুক্তি পেয়ে তিনি ফিরে যান আধ্যাত্মিক জীবনে। হয়ে ওঠেন ঋষি অরবিন্দ।

এদিকে, নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে কবি সুকান্ত ভট্টাচার্যের ৯৯-তম জন্ম বার্ষিকী আজ উদযাপিত হচ্ছে। প্রগতিশীল সাম্যবাদী ভাবনার কবি সুকান্ত তাঁর রচনার মধ্য দিয়ে অসহায়, নিপিড়িত মানুষের দুঃখ বেদনার কথা তুলে ধরেছিলেন। মাত্র ২১ বছর বয়সে কবির অকাল প্রয়ান হয়।

oooooooooooooooooooooo

পূর্ব বর্ধমানের ফাগুপুর এলাকায় ১৯ নং জাতীয় সড়কে মর্মান্তিক এক বাস দুর্ঘটনায় ১০ জন যাত্রীর মৃত্যু হয়েছে। আজ সকালে দুর্গাপুরের দিকে যাবার পথে একটি বেসরকারি যাত্রীবাহী বাস দাঁড়িয়ে থাকা ট্রাকটরের পিছনে ধাক্কা দেয়। বাসের ৫ জন শিশু সহ ৪৫ জন যাত্রী ছিলেন এরা। গঙ্গাসাগরে স্নান সেরে ফিরছিলেন তারা। আহতদের বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ooooooooooooooooooooo

অভয়ার ন্যায়বিচারের দাবিতে রাজ্যের বিভিন্ন স্থানে ফের পথে নেমেছে জনতা। কলকাতার শ্যামবাজার, রাসবিহারী মোড়, যাদবপুর ৮ বি বাসস্ট্যান্ড, রুবির মোড়, সব জায়গাতেই রাত দখলের পথে নামেন সমাজের সকলস্তরের মানুষ। শ্যামবাজারে রাত দখল কর্মসূচীতে যোগ দেন তামান্না খাতুনের মা, আনিস খানের বাবা।

বর্ধমান শহরের কার্জনগেট চত্বরে ‘অভয়ার’ বিচারের দাবিতে স্বাধীনতা দিবসের প্রাক্কালে গতকাল সন্ধ্যায় প্রতিবাদে সরব হন ‘অভয়া মঞ্চ’-এর সদস্যরা। ছবি এঁকে, মোমবাতি জ্বালিয়ে, স্লোগান দিয়ে প্রতিবাদে মুখর হন তারা।

প্রতিবাদ কর্মসূচীতে যোগ দেন অসংখ্য সাধারণ মানুষ।

অন্যদিকে, অভয়া মঞ্চের পক্ষ থেকে বাঁকুড়া শহরের ক্রীশ্চান কলেজের সামনে জমায়েত হয়। গত এক বছরে নারী নির্যাতনের ঘটনা বেড়েছে বলে দাবী করেন অভয়া মঞ্চের সদস্যরা।

হাওড়ার কদমতলা পাওয়ার হাউস, নতুন রাস্তার মোড়, সাঁতরাগাছি এবং মন্দিরতলায় 'অভয়ার' বিচারের দাবিতে গতকাল প্রতিবাদ করা হয়। সালকিয়া চৌরাস্তায় বার করা হয় মশাল মিছিল।

দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপের বহু নাগরিক গতকাল 'অভয়ার' বিচারের দাবীতে প্রতিবাদ মিছিলে যোগদান করেন। কাকদ্বীপ চৌরাস্তা মোড়ে মোমবাতি জ্বালিয়ে রাত দখলে সামিল হন নাগরিক সমাজের শতাধিক মানুষজন।

'অভয়া মঞ্চের' সদস্যরা বলেন, ন্যায়বিচার না পাওয়া পর্যন্ত তারা আন্দোলন চালিয়ে যাবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের সব বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য শীঘ্রই নিয়োগ করা হবে বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন। গতকাল সাংবাদিকদের কাছে তিনি বলেন, সুপ্রিম কোর্ট ২৮-শে আগস্টের মধ্যে রাজ্যের সব বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য নিয়োগ করতে বলেছে। রাজ্যের বাকি ১৫-টি বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য বাছাই করার জন্য সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি ইউ ইউ ললিতের নেতৃত্বে সার্চ কমিটিকে দায়িত্ব দিয়েছে দেশের শীর্ষ আদালত।

০০০০০০০০০০০০০০০০০০০

ভোট ব্যাঙ্কের স্বার্থে রাজ্যে বাংলাদেশী ও রোহিঙ্গাদের আশ্রয় দেওয়া ও তাদের নকল আধার ও ভোটার কার্ড তৈরি করে দেওয়া হচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার বলেন, এরাজ্যেও হিন্দুদের ওপর আক্রমণ ও তাদের হত্যা করা হচ্ছে। তা সত্ত্বেও রাজ্য সরকার নীরব।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের বিভিন্ন জেলায় আজ বজ্রবিদ্যুৎ-সহ ঝড়বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। কলকাতা, হাওড়া, দুই ২৪ পরগনা, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া সহ বেশ কিছু জেলায় রয়েছে বৃষ্টির সম্ভাবনা।

এদিকে, আজ এবং আগামীকাল দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহার সহ উত্তরের প্রায় সব জেলাতেই বৃষ্টি হতে পারে। রবিবার থেকে মঙ্গলবার পর্যন্ত জলপাইগুড়ি, কালিম্পং ও আলিপুরদুয়ার সহ উত্তরের বেশ কিছু জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দিনকয়েকের ভারী বৃষ্টির জেরে দার্জিলিং এবং কালিম্পঙের পার্বত্য এলাকায় রয়েছে ধসের আশঙ্কা। তিস্তা, তোর্সা এবং জলঢাকা নদীতে জলস্তর বাড়তে পারে বলেও জানা গেছে হাওয়া অফিস সূত্রে।

oooooooooooooooooo